দৈনিক সংবাদ

তারিখ ... 16 FEB 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ...

### কৃষি কলেজ ছাত্র ও দোকানীদের সংঘর্ষ

## ফাঁকা গুলি বোমা ব্যাপক সংঘর্ষ ধাওয়া পাল্টা ধাওয়া।। আহত ২০

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার বিকেল ৫টার দিকে সামান্য ঘটনাকে কেন্দ্র করে শেরে বাংলা নগরস্থ কৃষি কলেজের ছাত্রদের সঙ্গে পার্শ্ববর্তী দোকানদারদের ব্যাপক সংঘর্ষ হয়েছে। এই সংঘর্ষের সময়ে ৬/৭ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ, ৩০/৪০টি হাতবোমার বিস্ফোরণ এবং ব্যাপক ইট-পাটকেল নিক্ষেপ হয়। এতে উভয় পক্ষের ২০ জন আহত হয়েছে। দু'পক্ষের মধ্যে বেশ কিছুক্ষণ ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। ছাত্ররা দু'টি দোকান ভাঙচুর করে। দোকানদাররাও কলেজের ছাত্রাবাসের ৩টি কক্ষ ভাঙচুর করেছে। সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। ওই এলাকায় দু'পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। শান্তি-শৃংখলা রক্ষার জন্য পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীসহ বিভিন্ন সূত্রে জানা গেছে যে, কলেজের শেষ বর্ষের ছাত্র ইসহাকুল ইসলাম ১শ' টাকার নোট দিয়ে ২০ পিস অফসেট পেপার আনার জন্য একটি ছেলেকে দোকানে পাঠায়। কিছুক্ষণ পর ওই ছেলেটি অফসেট পেপার নিয়ে আসে এবং ৮০ টাকা ফেরত দেয়। ইসহাকুল ইসলাম আরো ১০ টাকা ফেরত আনার জন্য ছেলেকে দোকানে পাঠায়। ছেলে দোকানদারের কাছে টাকা ফেরত চাইলে দোকানদার তাকে ২০ পিস অফসেট পেপারের দাম ২০ টাকা বলে জানায়। ছেলেটি টাকা না পেয়ে ইসহাকুল ইসলামের কাছে চলে এসে এ কথা জানায়। এতে সে উত্তেজিত হয়ে আরো

**কৃষি কলেজ ঃ পৃঃ ৭ কঃ ৭**

### কৃষি কলেজ ঃ আহত

(১ম পৃষ্ঠার পর)

কয়েকজনকে সঙ্গে নিয়ে দোকানদারের কাছে যায়। ১০ টাকা ফেরত দেয়া-নেয়া নিয়ে দু'পক্ষের মধ্যে ঝগড়া বাধে। এক পর্যায়ে অন্য দোকানদাররাও সেখানে পৌঁছে। কিছুক্ষণের মধ্যে ছাত্রদের সঙ্গে দোকানদারদের রক্তক্ষয়ী সংঘর্ষ শুরু হয়। প্রায় পৌনে ১ ঘন্টা পর্যন্ত দু'পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে।